গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
অডিট শাখা-১
www.mor.gov.bd

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০১০.১৮.০০১.২২.১২৬

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৯
১৫ সেপ্টেম্বর ২০২২

বিষয়: **তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে যাচিত তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: (১) জনাব মো: আব্দুর রহমান মোল্লা (এ. আর মোল্লা), বিশেষ প্রতিনিধি, দৈনিক মুক্তখবর, ১৪ পুরানা পল্টন (১০ম তলা), দার-উস-সালাম ভবন, ঢাকা-১০০০ এর তথ্য অধিকার আইন ২০০৯ এর ৮(১) ধারার ভিত্তিতে ১৬.০৮.২০২২ তারিখের ০১ (এক) পাতার তথ্য প্রাপ্তির আবেদন।
(২) রেলপথ মন্ত্রণালয়ের প্রশাসন-৩ শাখার ইউ. ও. নোট নং-৫৪.০০.০০০০.০২৩.৪৬.০০২.২২.৮১,তারিখ: ০৪/০৯/২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে রেলপথ মন্ত্রণালয়ের প্রশাসন-৩ শাখা হতে প্রাপ্ত জনাব মো: রমজান আলী, সরকারি রেল পরিদর্শক (প্রাক্তন প্রকল্প পরিচালক খুলনা হতে মোংলা পোর্ট রেলপথ নির্মাণ প্রকল্প ও প্রধান প্রকৌশলী, বাংলাদেশ রেলওয়ে, পশ্চিমাঞ্চল, রাজশাহী)-কে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(২) ধারামতে ৩১.০৭.২০২২ তারিখ হতে সাময়িক বরখাস্তকরণের প্রজ্ঞাপনের ছায়ালিপি নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৩ (তিন) পাতা।

১৫-৯-২০২২
সৈয়দ আহসান হাবিব
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৪৭১১৪১০৭
ফ্যাক্স: ৭১১৫৫৯৯
ইমেইল: audit1@mor.gov.bd

জনাব মো: আব্দুর রহমান মোল্লা (এ. আর মোল্লা), বিশেষ প্রতিনিধি, দৈনিক মুক্তখবর ১৪ পুরানা পল্টন (১০ম তলা), দার-উস-সালাম ভবন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০১০.১৮.০০১.২২.১২৬/১(৩)

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৯
১৫ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) যুগ্মসচিব, প্রশাসন অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়
২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়
৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, রেলপথ মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

১৫-৯-২০২২
সৈয়দ আহসান হাবিব
সিনিয়র সহকারী সচিব

০৯

প্রশাসন-৩ শাখা

বিষয়: **তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে যাচিত তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: অডিট-১ শাখা, রেলপথ মন্ত্রণালয় এর স্মারক নং- ৫৪.০০.০০০০.০১০.১৮.০০১.২২.১০৩, তারিখঃ ২৪ আগস্ট ২০২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মো: রমজান আলী, সরকারি রেল পরিদর্শক (প্রাক্তন প্রকল্প পরিচালক খুলনা হতে মোংলা পোর্ট রেলপথ নির্মাণ প্রকল্প ও প্রধান প্রকৌশলী, বাংলাদেশ রেলওয়ে, পশ্চিমাঞ্চল, রাজশাহী)-কে ইতোমধ্যে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(২) ধারামতে ৩১.০৭.২০২২খ্রি. তারিখ হতে সাময়িক বরখাস্ত করা হয়েছে। উক্ত বরখাস্তকরণ প্রজ্ঞাপনের ছায়ালিপি (360/potrojariAttachmentRef/18569/0/142) এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

৪-৯-২০২২

সিনিয়র সহকারী সচিব, অডিট শাখা-১, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

সালমা পারভীন
উপসচিব
ফোন: ২২৩৩৫৯০০৮
ফ্যাক্স: ৭১১৫৫৯৯

ইউ. ও. নোট নম্বর: ৫৪.০০.০০০০.০২৩.৪৬.০০২.২২.৮১

তারিখ: ২০ ভাদ্র ১৪২৯
০৪ সেপ্টেম্বর ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রী মহোদয়ের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়

২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়

৪-৯-২০২২

সালমা পারভীন
উপসচিব

-০৮-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা
www.mor.gov.bd
১৬ আব্দুল গণি রোড, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন,
ঢাকা-১০০০

নম্বর: ৫৪.০০.০০০০.০২৩.৪৬.০০২.২২.৫৬

তারিখ: ১৬ শ্রাবণ ১৪২৯
৩১ জুলাই ২০২২

**প্রজ্ঞাপন**

যেহেতু, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ঢাকা-১ এর ১৬.০৮.২০২০ খ্রি. তারিখের ০৭ নং মামলায় জনাব মো: রমজান আলী, সরকারি রেল পরিদর্শক, প্রাক্তন প্রধান প্রকৌশলী, বাংলাদেশ রেলওয়ে, পশ্চিমাঞ্চল, রাজশাহী-এর বিরুদ্ধে এজাহারে বর্ণিত অপরাধ তদন্তকালে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ঢাকা-১ এর চার্জশীট নং-১৭, তারিখ-২৩.০২.২০২২ খ্রি. বিজ্ঞ আদালতে দাখিল করার পর ঢাকা মহানগর কোর্টের মেট্রো মামলা নং-বি: ৮৬/২০২০ তারিখ: ২৫.০৪.২০২২ খ্রি. মোতাবেক মামলাটি আমলে নেয়া হয়েছে; এবং

যেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(২) ধারায় উল্লেখ রয়েছে "কোনো কর্মচারী দেনার দায়ে কারাগারে আটক থাকিলে, অথবা কোনো ফৌজাদারি মামলায় গ্রেফতার হইলে বা তাহার বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হইলে, সরকার বা নিয়োগকারী কর্তৃপক্ষ উক্তরূপ আটক, গ্রেফতার বা অভিযোগপত্র গ্রহণের দিন হইতে তাহাকে সাময়িক বরখাস্ত করিতে পারিবে;"

সেহেতু, জনাব মো: রমজান আলী, সরকারি রেল পরিদর্শক, প্রাক্তন প্রধান প্রকৌশলী, বাংলাদেশ রেলওয়ে, পশ্চিমাঞ্চল, রাজশাহী-কে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(২) ধারামতে ৩১.০৭.২০২২খ্রি. তারিখ হতে সাময়িক বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালে উক্ত কর্মকর্তা বিধি মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

৩১-৭-২০২২

ড. মো: হুমায়ুন কবীর
সচিব
ফোন: ৯৫৭৮১৯৯
ফ্যাক্স: ৭১১৫৫৯৯
ইমেইল: secretary@mor.gov.bd

৩১ জুলাই ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

৩) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪) সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।

৫) সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।

৬) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

৭) অতিরিক্ত মহাপরিচালক, এডিজি (অর্থ)-এর দপ্তর, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

৮) মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।

৯) মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রী মহোদয়ের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

১০) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

১১) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন-৫ শাখা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

১২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা [রেলপথ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।

১৩) এফএএন্ডসিও (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।

১৪) উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা [পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ০৫ (পাঁচ) কপি নিম্ন স্বাক্ষরকারী বরাবর (কক্ষ ৬২৮, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা) প্রেরণের অনুরোধ করা হলো।]

১৫) জনাব মো: রমজান আলী, সরকারি রেল পরিদর্শক, প্রাক্তন প্রধান প্রকৌশলী, বাংলাদেশ রেলওয়ে, পশ্চিমাঞ্চল, রাজশাহী, স্থায়ী ঠিকানা: গ্রাম-ভিটাপাড়া, পোঃ বেড়া, উপজেলাঃ সাঁথিয়া, জেলাঃ পাবনা।